APR 0 1

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক ইনকিলাব

## এসএসসি পরীক্ষার্থীদের গ্রেডিং ব্যবস্থা প্রসঙ্গে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় এবং শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করে এসএসসি পরীক্ষার গ্রেডিং সম্পর্কে কিছু বলতে চাই। গত ১৫ মার্চ এসএসসি পরীক্ষা শুরু হয়েছে। এর ২/৩ দিন পূর্বে আকস্মিকভাবে পত্রিকায় দেখতে পাই যে, নিম্নলিখিত গ্রেডিং সিস্টেমে ফলাফল ঘোষণা করা হবে। চতুর্থ বিষয়কে গ্রেডিং-এর জন্য গ্রহণ করা হবে না। পত্রিকান্তরে প্রকাশ ৮০ বা তদূর্ধ্ব নম্বর প্রাপ্তরা A+ (প্রতি বিষয়ে আলাদাভাবে এই নম্বার পেতে হবে) ৬০ হতে ৭৯ পর্যন্ত A। ৫১ হতে ৫৯ পর্যন্ত B এছাড়া আরও গ্রেড আছে। আমার বক্তব্য হলো গ্রেডিং পদ্ধতিতে ফল প্রকাশ করা হবে এটা আপত্তির বিষয় নয়, তবে বর্তমান পরীক্ষার্থীরা যখন নবম শ্রেণীতে ভর্তি হয়েছিল তখন থেকে সরকার এই ঘোষণা দিত। তাহলে প্রতিটি স্কুলের পক্ষেই ঐ নিয়মে গত ২ বছর-এর সমস্ত পরীক্ষা নেয়ার ব্যবস্থা করে পরীক্ষার্থীদেরকে সেইভাবে গড়ে তুলতো। আকস্মিক এই ব্যবস্থা কার্যকর হলে অধিকাংশ পরীক্ষার্থী ক্ষতিগ্রস্ত হবে এবং মেধার যথাযথ মূল্যায়নও এই গ্রেডিং পদ্ধতিতে হবে কিনা তাতেও সন্দেহ থেকে যায়। বিগত বছরগুলোতে দেখা গেছে, ফলপ্রাপ্তির জন্য পরীক্ষার্থী উৎসুক হয়ে পড়তো। যারা ৭৫০ নম্বর বা বেশী পেতো তারা স্টার মার্কপ্রাপ্ত হতো। চতুর্থ বিষয়ের অতিরিক্ত নম্বরও এর অন্তর্ভুক্ত ছিল। সাধারণত মেধাবী না হলে ৭৫০ নম্বর কেউ পায় না। বর্তমান গ্রেডিং পদ্ধতিতে ৭৫০ নম্বর থেকে ৭৯৯ নম্বর প্রাপ্তদেরকে অবমূল্যায়ন করা হয়েছে। ৬০০ প্রাপ্তদের সমপর্যায়ে নামিয়ে আনা হয়েছে। এটা অসামঞ্জস্য এবং মেধাবীদের সাথে প্রহসনস্বরূপ। অন্যদিকে গত ২ বছর যাবত যারা মেধা খরচ করে চতুর্থ বিষয়-এ পড়াশুনা পরিশ্রমেরও মূল্যায়ন করা হবে না। য অবিবেচনাপ্রসূত কাজ হয়েছে। এমতাবস্থা লাখ লাখ মেধাবী পরীক্ষার্থীর ভবিষ্যৎ চিন্ত করে আমি কিছু সমাধান দিচ্ছি। আশা করি মাননীয় শিক্ষামন্ত্রী মহোদয় এবং শিক্ষ মন্ত্রণালয় এইগুলোর মূল্যায়ন করে শিক্ষার্থীদেরকে উৎসাহিত করবেন। যাতে কেউ আইনের আশ্রয় নিতে যেন বাধ্য না হয়।

১. পূর্ববর্তী বছরের ন্যায় ফলাফল প্রকা করা।

অথবা

২. গ্রেড A++ = যারা প্রতিটি বিষয়ের ৮০-এর অধিক নম্বরপ্রাপ্ত হবে। গ্রেড A+ = যার অন্তত ৪টি বিষয়ে ৮০-এর উপরে এবং ৬টি ৬০-এর উপর নম্বর পাবে। গ্রেড A = যার ৬০ হতে ঊর্ধ্বে নম্বর পাবে তবে ৪ বিষয়ে কম লেটার (বাংলা ও ইংরেজী প্রতিটি পত্রকে আলাদাভাবে ধরে)। গ্রেড B+ = যারা ৫১ হতে ৫৯ নম্বর প্রাপ্ত হবে। গ্রেড B = যার ৪৫ হতে ৫০ নম্বর প্রাপ্ত হবে।

অথবা

৩. গ্রেড A++ = চতুর্থ বিষয়সহ যাদের গড় নম্বর ৮০ (অর্থাৎ ৮০০)। গ্রেড A+ = চতু বিষয়সহ যাদের গড় নম্বর ৭১ হতে ৭৯। গ্রেড A = চতুর্থ বিষয়সহ যাদের গড় নম্বর ৬০ হতে ৭০। আশা করি, উল্লিখিত ৩টির যে কোন একটিকে গ্রহণ করে ফলাফল প্রকাশ করলে সামগ্রিকভাবে সবাই উপকৃত হবে।

*—মোঃ আব্দুর রহমান,*
*৯/২ ভগবতী ব্যানার্জী রোড হাটখোলা ঢাক*